



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ

নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৪৮৩১৫৫০১, ৪৮৩১৫৫৯২



পত্র নং গাগা/ প্রকা/প্রশা-২০২২-৬৬৬(১০)

তারিখ : ২২ মে, ২০২২

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে ১৮ হতে ২২ মে, ২০২২ পাঁচদিন ব্যাপী নিউ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

কর্মসূচির মধ্যে ছিলো, দলের পরিচিতি ও করণীয়, ওয়ারেন্ট ও ওয়ারেন্ট বাস্তবায়ন ধারা, গার্ল গাইডস্ ও গার্ল স্কাউট পদ্ধতির মাধ্যমে গাইড কার্যক্রম বাস্তবায়নে ওয়ারেন্ট গাইডার, গার্ল গাইডস্ ও গার্ল স্কাউট পদ্ধতি অনুসরণে গাইড টেস্টকার্ড এর বিষয় সমূহ বাস্তবায়ন, গার্ল গাইডস্ ও গার্ল স্কাউট পদ্ধতি অনুসরণে গাইড টেস্টকার্ড এর বিষয় সমূহ বাস্তবায়ন, সেরিমোনিয়ালস, গার্ল গাইডস্ ও গার্ল স্কাউট পদ্ধতি অনুসরণে গাইড টেস্টকার্ড এর বিষয়সমূহ বাস্তবায়ন, কোম্পানী পরিচালনা, পরিদর্শন, ওয়ারেন্ট গাইডারের ভূমিকা, গার্ল গাইডের ছয়টি ক্ষেত্র বাস্তবায়নে ওয়ারেন্ট গাইডার, পরিপত্র বাস্তবায়ন ও বিভিন্ন কর্মসূচী, নৈপুণ্য সূচক ব্যাজ বার এ্যাওয়ার্ড প্রাপ্তিতে ওয়ারেন্ট গাইডার, আন্তর্জাতিক (বিষয়) জ্ঞান, বহিঃজগত কার্যক্রম (ক্যাম্প), এসোসিয়েশনের প্রশাসনিক কাঠামো, তহবিল সংগ্রহ, বাজেট তৈরী, কোর্স মূল্যায়ণ ও দলীয় সুপারিশ।

প্রশিক্ষণ দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার, হোসেন আরা বেগম, প্রাক্তন সিনিয়র ট্রেইনার ও অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল, আফরোজা বেগম, প্রাক্তন সিনিয়র ট্রেইনার, তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারী, ইয়াসমিন আখতার বানু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ও প্রাক্তন সিনিয়র ট্রেইনার, রাজধানী অঞ্চল, সালেহা বেগম, ট্রেইনার, জাতীয় কার্যালয়।

কোর্সের সমাপনী দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের হাতে সনদ তুলে দেন মোঃ মনিরুজ্জামান, অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার।

রাজধানী, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, কুমিল্লা, রংপুর ও ময়মনসিংহ সহ ৯ অঞ্চল হতে ৪০ জন প্রশিক্ষণার্থী কোর্সে অংশগ্রহণ করেন।



ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন মোঃ মনিরুজ্জামান, অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

স্বাক্ষরিত/-
সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা